# নাবালিকা ধর্ষণ

## স্বামীর বিরুদ্ধে থানায় নালিশ স্ত্রী'র

কার্তিক দাস

**খড়িবাড়ি, ১ অক্টোবর :** এ যেন রক্ষকই ভক্ষক। ফের ধর্ষণের ঘটনা ঘটল খড়িবাড়িতে। এবার ধর্ষণের শিকার ১০ বছরের এক নাবালিকা। সোমবার রাতে এক বিবাহিত তরুণকে গ্রেপ্তার করে খড়িবাড়ি থানার পুলিশ। মঙ্গলবার ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন বিচারক।

ঠিক কী ঘটেছিল? নির্যাতিতা নাবালিকার মায়ের আদি বাড়ি অসমে হলেও কাজের সূত্রে তিনি মেয়েকে নিয়ে থাকতেন হিমাচলপ্রদেশে। একই জায়গায় কাজ করত অভিযুক্ত তরুণ। কাজের জায়গায় মেয়েকে নিয়ে থাকায় খানিকটা সমস্যা হচ্ছিল মায়ের। তাই কয়েকমাস আগে যখন ওই তরুণ বাড়ি ফিরবে (খড়িবাড়ি) বলে জানায়, তখন সহকর্মীকে 'বিশ্বাস' করে মেয়েকে ক'টাদিনের জন্য তার সঙ্গে খড়িবাড়িতে পাঠিয়ে দেন নাবালিকার মা। কিন্তু সেই 'ভরসার' যে এই প্রতিদান মিলবে, তা হয়তো কল্পনাও করেননি তিনি।

ঠিক যেমন কল্পনা করেননি অভিযুক্তের স্ত্রী। সন্তানের বাবা হয়ে কী করে এক ১০ বছরের নাবালিকার সঙ্গে এমনটা করল স্বামী, তা ভেবে মনের মধ্যে আক্রোশ জন্মাচ্ছে তাঁর। এমনকি তিনি নিজেই স্বামীকে হাতেনাতে ধরেন।

ঘটনাটা গত রবিবারের। খড়িবাড়ির একটি চা বাগান এলাকায় রোজকার মতো রাতে শোয়ার ঘরে ঢোকেন স্ত্রী। সেখানে সন্তান একা ঘুমোচ্ছিল। স্বামীকে দেখতে না পেয়ে তিনি ঘরের বাইরে খোঁজ করতে আসেন। আর এসেই যা দেখেন, তাতে নিজের চোখকে বিশ্বাস করতে পারেননি তিনি।

স্ত্রী বলেছেন, 'ঘরের পাশে একটা অন্ধকার জায়গায় দুজনকে দেখতে পাই। আমার স্বামী ওই নাবালিকাকে ধর্ষণ করেছে।' এরপর তিনি সঙ্গে সঙ্গে এলাকার কয়েকজনকে বিষয়টি জানান। শেষমেশ সোমবার স্বামীর বিরুদ্ধে থানায় গিয়ে অভিযোগ দায়ের করেন তিনি। তাঁর অভিযোগের ভিত্তিতে ওইদিন স্বামীকে গ্রেপ্তার করে পকসো আইনে মামলা রুজু করে পুলিশ। নাবালিকাকে পরীক্ষার জন্য উত্তরবঙ্গ মেডিকেলে ভর্তি করা হয়েছে। তার পরিবারের সঙ্গে যোগাযোগ করেছে পুলিশ।

খড়িবাড়িতে মাত্র ১৫ দিনের ব্যবধানে তিনটি ধর্ষণের ঘটনায় ইতিমধ্যেই জনমানসে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। গত ১৮ সেপ্টেম্বর বিন্নাবাড়ি গ্রাম পঞ্চায়েতের হাঁড়িভিটা গ্রামের একটি কলা বাগানে এক তরুণীর পচাগলা দেহ উদ্ধার করে পুলিশ। এখনও পর্যন্ত সেই ঘটনার কোনও কিনারা হয়নি। ২৯ সেপ্টেম্বর বিন্নাবাড়ি এলাকায় ১৩ বছরের এক নাবালিকাকে গণধর্ষণের অভিযোগে পাঁচজনকে গ্রেপ্তার করা হয়।

খড়িবাড়িতে আরজি কর কাণ্ডের বিরুদ্ধে প্রথম থেকেই সরব হয়েছিলেন খড়িবাড়ি হাইস্কুলের শিক্ষক কেকা ঘোষ সিনহা। নিজের এলাকায় পরপর এমন ঘটনায় আক্ষেপ প্রকাশ করেন তিনি। বলেন, 'আসলে আমরা ভেতর থেকে নিজেদের বদলাতে পারিনি। কঠোর আইন তৈরি করা প্রয়োজন।' তিনি মনে করেন, বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনকে এলাকায় এব্যাপারে সচেতনতামূলক কর্মসূচি নিতে হবে। অন্যথায় এই 'রোগ থেকে নিস্তার নেই' বলে মন্তব্য করেছেন কেকা।

**ভরসার প্রতিদান**

- সহকর্মী তরুণের ওপর 'ভরসা' করে ১০ বছরের মেয়েকে তার সঙ্গে খড়িবাড়িতে পাঠিয়েছিলেন মা
- রক্ষকই ভক্ষক হয়ে বিবাহিত ওই তরুণ নাবালিকাকে ধর্ষণ করে বলে অভিযোগ
- নাবালিকাকে ধর্ষণ করতে দেখে ফেলেন ওই তরুণের স্ত্রী
- স্ত্রী নিজেই স্বামীর বিরুদ্ধে খড়িবাড়ি থানায় লিখিত অভিযোগ জানান

## ১৫০ লিটার চোলাই নষ্ট

**ফাঁসিদেওয়া, ১ অক্টোবর :** ১৫০ লিটারের বেশি চোলাই নষ্ট করল ঘোষপুকুর ফাঁড়ি। মঙ্গলবার সন্ধ্যায় ঘোষপুকুর এলাকার ঘটনা। সেইসঙ্গে বিভিন্ন দোকানেও পুলিশ হানা দিয়েছে বলে খবর। যদিও ঘটনায় কাউকে গ্রেপ্তার করা হয়নি। এপ্রসঙ্গে অতিরিক্ত পুলিশ সুপার (কার্সিয়াং) অভিষেক রায় বলেন, 'এসব কারবারের বিরুদ্ধে লাগাতার অভিযান চলছে। দুর্গাপুজোর আগে ও পরে শুধু ফাঁসিদেওয়া নয়, নকশালবাড়ি, খড়িবাড়ি সহ সমস্ত গ্রামীণ এলাকায় মদের অবৈধ কারবার রুখতে অভিযান চলবে।'

বিধাননগর, ঘোষপুকুর, ফাঁসিদেওয়া, জালাস নিজামতারা বিভিন্ন এলাকায় মদের কারবার রমরমিয়ে চলছে বলে অভিযোগ। এক ফোনেই খদ্দেরের কাছে পৌঁছে যাচ্ছে চোলাই, বিদেশি মদ। এই কারবারে যুক্তরা মোটরবাইকে চেপে একেবারে খদ্দেরের দুয়ারে হাজির হচ্ছে। কিছু দোকানের আড়ালেও চলছে অবাধ কারবার। বিষয়টি নিয়ে স্থানীয়দের অনেকেই ক্ষুব্ধ।

## পুজোর পরেই সমীক্ষা

**চোপড়া, ১ অক্টোবর :** পুজোর পরেই আবাস যোজনা নিয়ে সমীক্ষায় নামতে চলেছে চোপড়া ব্লক প্রশাসন। অক্টোবর মাসের ২১ তারিখ থেকে গ্রাম পঞ্চায়েতভিত্তিক বাড়ি বাড়ি তালিকা ধরে সমীক্ষার কাজ শুরু হবে। ব্লক প্রশাসন সূত্রে খবর, এর আগে অঙ্গনওয়াড়ি ও আশাকর্মীরা সমীক্ষার কাজ করতে গিয়ে বিভিন্ন রকম হুমকির সম্মুখীন হয়েছিলেন। বিডিও সমীর মণ্ডল বলেন, 'এবার সরকারি কর্মীরা সমীক্ষার কাজ করবেন। সমীক্ষক দল বাড়ি বাড়ি ঘুরে দেখবে। এর মধ্যে কারও পাকা বাড়ি হয়েছে কি না কিংবা ব্যাংক অ্যাকাউন্ট আদৌ ঠিক আছে বা উপভোক্তা বেঁচে রয়েছেন কি না এই সমস্ত বিষয়ে বিস্তারিত খোঁজ নেবে।'

## গ্রেপ্তার

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** ব্রাউন সুগার সহ মঙ্গলবার রাতে এক মহিলাকে ৩৫ নম্বর ওয়ার্ড সংলগ্ন একটি ক্লাবের কাছ থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। ২০০ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার হয়েছে। ধৃতের নাম পিংকি রায় দাস।

## রাতজুড়ে প্রতিবাদ

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** ঢাকের তালের সঙ্গে উঠল জাস্টিস ফর আরজি কর স্লোগান। মঙ্গলবার রাতে ভেনাস মোড়ে প্রতিবাদী জমায়েতের ডাক দিয়েছিল লাউড অ্যান্ড ক্লিয়ার। সেইমতো মহালয়ার আগের রাতে সাধারণ মানুষের ভিড় জমতে শুরু করে ভেনাস মোড়ে। সংগঠনের তরফে জানানো হয়েছে, সারারাতব্যাপী তিলোত্তমার খুনে দোষীদের শাস্তির দাবিতে প্রতিবাদ চলবে। প্রতিবাদী নাটক, স্লোগানের মাধ্যমে তিলোত্তমা খুনে দোষীদের শাস্তির দাবিতে প্রতিবাদ জানানো হবে। ভোর চারটের সময় ভেনাস মোড় থেকে এয়ারভিউ মোড় পর্যন্ত প্রতিবাদী মিছিল করা হবে। এরপর তিলোত্তমার আত্মার শান্তিতে লালমোহন মৌলিক ঘাটে তর্পণ করা হবে।

প্রায় দু'মাস পরেও এখনও আরজি করের ঘটনায় অভিযুক্তদের শাস্তির দাবিতে আন্দোলন অব্যাহত রয়েছে। এই প্রতিবাদের সঙ্গে যুক্ত হয়েছে নারী নিরাপত্তার বিষয়টিও। এমনকি হাসপাতাল, মেডিকেল কলেজে নিরাপত্তা সুনিশ্চিত না হওয়ায় ফের কর্মবিরতির ডাক দিয়েছেন জুনিয়ার ডাক্তাররা। এই পরিস্থিতিতে রাজ্যজুড়ে প্রতিবাদের পাশাপাশি মহালয়ার আগের রাতে প্রতিবাদে গর্জে উঠল শহর শিলিগুড়ি। এদিন ভেনাস মোড়ের প্রতিবাদে উপস্থিত ছিলেন অনামিকা কর, দীপ বিশ্বাস, সুগন্ধা বিশ্বাসরা।

সুগন্ধার কথায়, 'বাঙালির সবচেয়ে বড় উৎসব এই দুর্গাপুজো। তবে উৎসবের সঙ্গে আমরা যাতে এই নৃশংস ঘটনার প্রতিবাদ করতে ভুলে না যাই।'

## সুবর্ণ জয়ন্তী

**বাগডোগরা, ১ অক্টোবর :** বাগডোগরা গান্ধি মেমোরিয়াল হাইস্কুলের সুবর্ণ জয়ন্তী বর্ষ উদযাপন হল মঙ্গলবার। এই উপলক্ষ্যে এদিন বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অন্যদিকে, অতিথিদের আমন্ত্রণপত্রে পরিচালন সমিতির সভাপতির নাম না থাকায় তিনি অনুষ্ঠানে যাননি। বিষয়টি নিয়ে প্রধান শিক্ষক সুমন নিরোলার সাফাই, করোনাকালে স্কুলের ৫০ বছর পূর্ণ হয়। তখন সুবর্ণ জয়ন্তী বর্ষ উদযাপন করা সম্ভব হয়নি। পরে এবছর সুবর্ণ জয়ন্তী বর্ষ উদযাপন করার সিদ্ধান্ত নেওয়া হয়। এজন্য একটি কমিটিও গঠন করা হয়। সেই কমিটির সম্পাদক সকলকে আমন্ত্রণ জানিয়েছেন। তাই আমন্ত্রণপত্রে শুধু তাঁরই নাম রয়েছে। অন্য কারও নাম নেই।

## দেহ উদ্ধার

**নকশালবাড়ি, ১ অক্টোবর :** চারদিন নিখোঁজ থাকার পর নদীর চর থেকে উদ্ধার হল বৃদ্ধের মৃতদেহ। জানা গিয়েছে, গত শুক্রবার নকশালবাড়ি তোতারামজোতের বাসিন্দা বিদ্যানন্দ রায় (৬১) নেপালের বামুনডাঙ্গিতে দুধ আনতে গিয়ে বড় মণিরামজোত এলাকায় মেচি নদীর তীব্র স্রোতে ভেসে যান। চারদিন পর নিখোঁজ হওয়া জায়গা থেকে ছ'কিলোমিটার দূরে লালিজোত এলাকায় মেচি নদীর তীরে মঙ্গলবার তাঁর মৃতদেহ দেখতে পাওয়া যায়।

## বিডিও'র দ্বারস্থ

**ফাঁসিদেওয়া, ১ অক্টোবর :** কয়েকমাস ধরে বকেয়ার সম্পূর্ণ টাকা না পেয়ে মঙ্গলবার ফাঁসিদেওয়ার ১০-১৫ জন ঠিকাদার বিডিও'র দ্বারস্থ হলেন। ঠিকাদাররা জানিয়েছেন, কাজ শেষ হয়ে যাওয়ার পরও তাঁরা সম্পূর্ণ টাকা পাননি। পুজোর মুখে সেই বকেয়া টাকার দাবিতে এদিন বিডিও'র দ্বারস্থ হন তাঁরা। শ্যামলকুমার মণ্ডল নামে এক ঠিকাদার বলেন, 'পুজোর আগে টাকা দেওয়ার আর্জি বিডিও-কে জানানো হয়েছে।' আরেক ঠিকাদার চন্দনকুমার রায়ের কথায়, 'বিডিও বলেছেন ফান্ড এলেই টাকা মিটিয়ে দেওয়া হবে।' ফাঁসিদেওয়ার বিডিও বিপ্লব বিশ্বাসের মন্তব্য, 'কোন প্রকল্পে ঠিকাদারদের কত টাকা বকেয়া রয়েছে, সে বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে।'

### পাহাড় পথে যানজটে নাকাল যাত্রীরা

# ১০ নম্বর সড়ক খুলল

সানি সরকার

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** প্রায় এক সপ্তাহ বন্ধ থাকার পর মঙ্গলবার ফের যান চলাচল শুরু হয়েছে ১০ নম্বর জাতীয় সড়কে। আর এদিনই ঘণ্টার পর ঘণ্টা যানজটে আটকে থাকতে হয়েছে পর্যটক সহ অন্য যাত্রীদের। ধসের জেরে একাধিক জায়গায় ওয়ানওয়ে এবং সমস্ত গাড়ির একইপথে চলাচল- এর অন্যতম কারণ বলে মনে করছেন ভুক্তভোগীরা। মঙ্গলবার যাঁরা ওই সড়ক দিয়ে সিকিম, কালিম্পং ও শিলিগুড়িতে যাতায়াত করেছেন, তাঁদের অনেকেই যানজটে বিরক্ত। কেউ কেউ বলছেন, সরাসরি সড়ক যোগাযোগ ব্যবস্থা থেকে তো ঘুরপথই তুলনায় ভালো।

যদিও আলগারা-লাভা-গরুবাথান রোড হয়ে শিলিগুড়ি ও সিকিমের মধ্যে চলাচলে ৮-১০ ঘণ্টা লেগে যাচ্ছে। ফলে সবক্ষেত্রেই সাধারণ মানুষ, পর্যটক- সকলকে ভোগান্তি পোহাতে হচ্ছে। তবে পুজোর মুখে সিকিমের লাইফলাইন খোলায় কিছুটা হলেও স্বস্তিতে পর্যটন মহল। অন্যদিকে, বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। ফের ভারী বৃষ্টি হলে সড়ক কি আবারও বন্ধ হয়ে যাবে, এই প্রশ্ন ঘুরপাক খাচ্ছে।

এদিন এনএইচ ১০ চালুর কথা সোমবারই জানিয়েছিলেন পূর্ত দপ্তরের ন্যাশনাল হাইওয়ে ডিভিশন-৯'এর এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার রমেন মণ্ডল। সরকারিভাবে মঙ্গলবার সকাল ৬টা থেকে যান চলাচল শুরুর কথা থাকলেও তার অনেক আগে থেকেই সেবকে গাড়ির লম্বা লাইন পড়ে যায়। একইরকম ভিড় দেখা যায় রংপোতেও। মামখোলা, মেল্লি, ২৮ মাইল, সেলফিদারা, কালিঝোরা সহ একাধিক জায়গায় ওয়ানওয়ের ফলে গাড়ির গতি থমকে যায়। যার জেরে ঘণ্টার পর ঘণ্টা সময় নষ্ট হয় পথেই। অধিকাংশ ছোট গাড়ি অবশ্য সময় বাঁচাতে জোরবাংলো-তিস্তাবাজার অথবা সিংমারি-পাতলেবাস-জোরথাং হয়ে চলাচল করেছে।



*এনএইচ ১০-এ ধস। - ফাইল চিত্র*

১০ নম্বর জাতীয় সড়কের বিকল্প হয়ে উঠেছে আলগারা-লাভা-গরুবাথান রোড। এই পথে শিলিগুড়ি থেকে সিকিম পৌঁছোতে ৮-১০ ঘণ্টা লেগে যাচ্ছে ঠিকই। কিন্তু এদিন যাঁরা এনএইচ ১০ দিয়ে চলাচল করেছেন, যানজটে আটকে তাঁদের বক্তব্য, ঘুরপথে চলাচল তুলনায় আরামদায়ক।

শিলিগুড়ি-কালিম্পং যাতায়াতে পনবু রোড ব্যবহার করতেন পেশায় মেডিকেল রিপ্রেজেন্টেটিভ তুহিন দাস। তিনি বলেন, 'পনবু দিয়ে কালিম্পং যেতে চার ঘণ্টা বা আরও একটু বেশি সময় লাগত। কিন্তু সাড়ে তিন ঘণ্টা হয়ে যাওয়ার পরেও তিস্তাবাজার পৌঁছাতে পারিনি। বুঝতে পারছি না কখন কালিম্পংয়ে পৌঁছোব।' এনজেপির পরিবহণ ব্যবসায়ী ভাইটু ঘোষের বক্তব্য, 'মাঝপথে আটকে থেকে মনে হচ্ছে, গরুবাথান দিয়ে গেলেই ভালো হত।'

এদিকে, পুজোর মুখে সিকিমের লাইফলাইনে যানজটে চিন্তিত পর্যটন ব্যবসায়ীদের অনেকেই। তাঁদের একজন কল্পক দে। তিনি বলছেন, 'এখনই যদি এমন অবস্থা হয়, পুজোর দিনগুলিতে যে কী হবে কে জানে।'

# কমিশনারের তত্ত্বাবধানে তদন্ত

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** কোর্ট ফি'র নামে লক্ষাধিক টাকা নিয়ে মক্কেলের সঙ্গে প্রতারণার অভিযোগ উঠেছিল আইনজীবী অলোকেশ চক্রবর্তীর বিরুদ্ধে। সেই ঘটনায় পুলিশ কমিশনারের তত্ত্বাবধানে তদন্তের নির্দেশ দিল কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ।

সেপ্টেম্বরের প্রথমদিকে প্রধাননগর থানায় এবিষয়ে অভিযোগ দায়ের করেন স্বপন সেনগুপ্ত নামে এক ব্যক্তি। ২৪ সেপ্টেম্বর হাইকোর্টের দ্বারস্থ হন তাঁর আইনজীবী অভ্রজ্যোতি দাস। সোমবার এই মামলার শুনানিতে পুলিশ কমিশনারের তত্ত্বাবধানে তদন্তের নির্দেশ দিয়েছেন বিচারপতি অমৃতা সিনহা। আইনজীবী অভ্রজ্যোতি দাস বলেন, 'যেহেতু অভিযুক্ত একজন আইনজীবী, তাই পুলিশ ঠিকমতো তদন্ত করবে কি না, তা নিয়ে সন্দেহ হচ্ছিল আমার মক্কেলের। সে কারণে আমরা রিট পিটিশন করি। তদন্ত রিপোর্ট জমা হলে পরবর্তীতে শুনানি হবে।' অন্যদিকে, আইনজীবী অলোকেশ চক্রবর্তীর বক্তব্য, 'এটা নতুন কোনও ব্যাপার নয়। যে কোনও মামলায় পুলিশের সর্বোচ্চ কর্তার তত্ত্বাবধানেই তদন্ত চলে।'

অন্যদিকে, ২৭ অগাস্ট শিলিগুড়ি মহকুমা আদালতে আত্মসমর্পণ করতে এসেছিলেন মারপিটে অভিযুক্ত এক ব্যক্তি। সেদিন তাঁকে মারধরে নাম জড়ায় কয়েকজন আইনজীবীর। ওই আইনজীবীদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করে শিলিগুড়ি পুলিশকে তদন্তের নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। মঙ্গলবার জলপাইগুড়িতে হাইকোর্টের সার্কিট বেঞ্চে অভিযুক্তকে মারধরের মামলাটি ওঠে। সেখানে বিচারপতি অমৃতা সিনহা ওই নির্দেশ দিয়েছেন।

এবিষয়ে অভিযুক্তের আইনজীবী অভ্রজ্যোতি দাস বলেছেন, 'শিলিগুড়ি থানা আগে আমার মক্কেলের মামলা নিতে চায়নি। কয়েকজন আইনজীবী আমার মক্কেলকে মারধর করেছেন। সেই বিষয়ে বিচারপতি তদন্তের নির্দেশ দিয়েছেন।'



# রোগীকল্যাণ সমিতির বিজ্ঞপ্তি ঘিরে ধোঁয়াশা

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** রাজ্যের প্রত্যেকটি মেডিকেল কলেজ ও হাসপাতালের রোগীকল্যাণ সমিতির নতুন কমিটি গঠনের কথা ঘোষণা করল রাজ্য সরকার। মঙ্গলবার রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ বিজ্ঞপ্তি দিয়ে প্রতিটি মেডিকেল কলেজের অধ্যক্ষকে চেয়ারম্যান করে আট সদস্যের রোগীকল্যাণ সমিতি গঠনের কথা জানিয়েছেন। তাৎপর্যপূর্ণভাবে এই কমিটিতে একজন জনপ্রতিনিধিকে রাখার কথা বলা হয়েছে। তবে, পুলিশের প্রতিনিধি নেই। প্রশ্ন উঠেছে, জনপ্রতিনিধি কে বাছাই করবেন? কলেজ অধ্যক্ষের ডাকা বৈঠকে কোনও জনপ্রতিনিধি আসবেন তো?

মেডিকেলের নিরাপত্তা নিয়ে যখন এত প্রশ্ন উঠছে, সেখানে কমিটিতে পুলিশের প্রতিনিধিকে না রাখায় প্রশ্ন উঠছে। আটজনের এই কমিটি হাসপাতালের রোগী পরিষেবার উন্নয়নে সিদ্ধান্ত নিতে পারবে কি না, সেই প্রশ্নও উঠছে স্বাস্থ্য দপ্তরের অন্দরেই। উত্তরবঙ্গ মেডিকেল কলেজের অধ্যক্ষ ডাঃ ইন্দ্রজিৎ সাহা বলেছেন, 'সরকারি নির্দেশমতো কাজ হবে।'

আরজি কর কাণ্ডের প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী যে নির্দেশ দিয়েছিলেন, মঙ্গলবার তাতে সিলমোহর দিয়ে মুখ্যসচিব নতুন কমিটি ঘোষণা

**মেডিকেল কলেজ**

করেছেন। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, মোট আটজনের কমিটিতে কলেজ অধ্যক্ষ চেয়ারম্যান হবেন। মেডিকেল সুপার সদস্য সচিব হিসাবে থাকবেন। কমিটির সদস্য হিসাবে অধ্যক্ষ মনোনীত দুজন বিভাগীয় প্রধান, কলেজে কর্মরত সিনিয়ার এবং জুনিয়ার রেসিডেন্ট ডাক্তারদের একজন করে প্রতিনিধি, একজন নার্সিং প্রতিনিধি এবং একজন জনপ্রতিনিধি এই কমিটিতে থাকবেন।

একাধিক অধ্যক্ষ এবং হাসপাতাল সুপারের বক্তব্য অনুযায়ী, এতদিন রোগীকল্যাণ সমিতির অনেক বড় কমিটি ছিল। সেখানে স্থানীয় থানার একজন পুলিশ অফিসার, অ্যাডিশনাল সুপার, অ্যাসিস্ট্যান্ট সুপার, মেডিকেল অফিসারও ছিলেন। সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে, অ্যাকাউন্ট অফিসারকে এই কমিটিতে রাখা প্রয়োজন। কেননা রোগীকল্যাণ সমিতিতে কোনও উন্নয়নমূলক কাজের সিদ্ধান্ত হলে সেই টাকা খরচের জন্য ব্যাংক চেকে সই করতে পারেন একমাত্র অ্যাকাউন্ট অফিসার। কিন্তু নতুন কমিটিতে অ্যাকাউন্ট অফিসারকেও রাখা হয়নি।

স্বাস্থ্যকর্তারা বলছেন, এই আটজনের কমিটি কখনোই রোগীকল্যাণ সমিতি পরিচালনা করতে পারবে না। এখানে অ্যাকাউন্ট অফিসার, অ্যাডিশনাল অথবা অ্যাসিস্ট্যান্ট সুপার, পুলিশের প্রতিনিধিকে রাখতে হবে। পাশাপাশি জনপ্রতিনিধি হিসাবে কাকে কমিটিতে রাখা হবে সেটাও নবান্ন থেকেই ঠিক করে দেওয়া প্রয়োজন।

## অনশনে শ্রমিক

**চোপড়া, ১ অক্টোবর :** কাজ ফিরে পাওয়ার দাবিতে মঙ্গলবার থেকে কারখানার সামনে অনশনে বসলেন মেরধাগছ গ্রামের বাসিন্দা বিশ্বজিৎ বর্মন। তিনি জানান, সোনাপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় একটি স্যালাইন কারখানায় ২০১৪ সাল থেকে স্থায়ী শ্রমিক হিসেবে সাত বছর কাজ করেছেন তিনি। তাঁর দাবি, ২০২১ সালে শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়েন তিনি। এরফলে কাজে যেতে পারেননি তিন বছর। টানা চিকিৎসার পর চলতি বছর জুলাই মাসে কাজে যোগ দেওয়ার জন্য কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেন তিনি। কিন্তু তাঁর অভিযোগ, 'কর্তৃপক্ষ আমায় কাজে ফেরাতে অস্বীকার করে। এমনকি আমার পিএফ সংক্রান্ত যাবতীয় তথ্য দিতেও রাজি হয়নি।'

এরপর তিনি মুখ্যমন্ত্রীর কাছে চিঠি পাঠান। ওই চিঠির অনুলিপি কর্তৃপক্ষ এবং প্রশাসনের বিভিন্ন দপ্তরে দেন। তার পরেও কোনও সুরাহা হয়নি বলে অভিযোগ বিশ্বজিতের। এদিকে স্যালাইন কারখানার ম্যানেজার নিলু তেওয়ারি বলেছেন, 'ওই ব্যক্তি কাজ করতেন এটা ঠিক। কিন্তু তিনি কোনও কিছু না জানিয়ে অনেকদিন কাজে আসেননি। এখন হঠাৎ করে কাজে যোগ দিতে চাইছেন।' অন্যদিকে, বিষয়টি জয়েন্ট লেবার কমিশনারের নজরে আনা হয়েছে বলে মন্তব্য করেছেন চোপড়ার বিডিও সমীর মণ্ডল।

## বস্ত্র বিতরণ

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** দুর্গাপুজো উপলক্ষ্যে দুঃস্থ মানুষদের বস্ত্র বিতরণ করলেন কাওয়াখালি টাউনশিপ ওয়েলফেয়ার সোসাইটির সদস্যরা। মঙ্গলবার সোসাইটির তরফে ১৫৫ জনের হাতে নতুন জামাকাপড় তুলে দেওয়া হয়। এদিন রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছিল। সংগৃহীত ৬৯ ইউনিট রক্ত একটি বেসরকারি হাসপাতালে দেওয়া হয়। সপ্তমীর দিন এলাকার বিশেষভাবে সক্ষমদের নিয়ে পুজো পরিক্রমার ব্যবস্থা করা হয়েছে।

## পুরস্কার বিতরণী

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** মঙ্গলবার শিলিগুড়ি গার্লস হাইস্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান হল দীনবন্ধু মঞ্চে। উদ্বোধন করেন গৌতম দেব। স্কুলের কৃতী পড়ুয়াদের পুরস্কৃত করা হয়েছে এদিন। অনুষ্ঠানে ছিলেন শিলিগুড়ি প্রাথমিক বিদ্যালয় সংসদের চেয়ারম্যান দিলীপ রায়, স্কুলের প্রধান শিক্ষক অত্যুহা বাগচী প্রমুখ।

## ধৃত আরও ১

**ফাঁসিদেওয়া, ১ অক্টোবর :** বিয়ের প্রতিশ্রুতি দিয়ে সহবাসের অভিযোগে একজনকে গ্রেপ্তার করা হয়। সেই ঘটনায় শ্লীলতাহানির অভিযোগে মঙ্গলবার আরও একজনকে গ্রেপ্তার করল পুলিশ। ধৃতের নাম শুভ সিংহ, ঘোষপুকুর এলাকার বাসিন্দা।

## খাবার বিলি

**বাগডোগরা, ১ অক্টোবর :** সুমিতা ক্যানসার সোসাইটির তরফে ক্যানসার রোগীদের মধ্যে খাবার বিলি করা হল মঙ্গলবার। উত্তরবঙ্গ মেডিকেলের রেডিওথেরাপি ও ইন্টিগ্রেটেড অঙ্কোলজি বিভাগের সামনে ডালিয়া, দুধ, সুজি ইত্যাদি বিলি করা হয়েছে।

# আজ থেকে শুরু ফিল্ম ফেস্টিভাল

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** শিলিগুড়ি সিনে সোসাইটির তরফে শর্টফিল্ম ও ডকুমেন্টারি ফেস্টিভাল আয়োজিত হতে চলেছে। যেখানে প্রতিবছর বাংলাদেশ থেকে বহু সিনেমা আসে। কিন্তু এই বছর সেই সংখ্যাটা অনেক কম। এর পেছনে যে বাংলাদেশের অস্থির পরিস্থিতিই কাজ করেছে, তা বলাই বাহুল্য।

ফেডারেশন অফ ফিল্ম সোসাইটিস অফ ইন্ডিয়ার সহযোগিতায় আগামী ২ থেকে ৫ অক্টোবর পর্যন্ত এই ফেস্টিভাল চলবে। চলতি বছর ৪০টি শর্টফিল্ম এবং ২০টি তথ্যচিত্র এসেছে। যার মধ্যে থেকে ২৩টি শর্টফিল্ম এবং ৮টি তথ্যচিত্র বাছাই করে দেখানো হবে। বিধান রোডের কাঞ্চনজঙ্ঘা প্রিভিউ থিয়েটারে বিকেল পাঁচটা থেকে ছবিগুলি দেখানো হবে বলে জানিয়েছেন উদ্যোক্তারা।

**বাংলাদেশের সিনেমা কমল**

এই ফেস্টিভালেই বিগত বছরগুলোতে বাংলাদেশ থেকে ২০টির মতো ছবি আসত। এবছর সেই সংখ্যাটা দাঁড়িয়েছে মাত্র চার। এ প্রসঙ্গে সিনে সোসাইটির সম্পাদক প্রদীপ নাগ বলছেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় সহ বাংলাদেশে বিভিন্ন ইউনিভার্সিটির পড়ুয়ারা খুব সুন্দর সিনেমা তৈরি করে এই ফেস্টিভালে পাঠাতেন। নিজেরাও উপস্থিত থাকতেন। তবে এবছর বাংলাদেশের উত্তাল পরিস্থিতির জন্য সিনেমা একেবারেই কম এসেছে।' শুধু সিনেমা পাঠানোই নয়, প্রতিবছর বাংলাদেশ থেকে কলেজ পড়ুয়ারা শিলিগুড়িতে আসেন বিভিন্ন কর্মশালাতে যোগ দিতে। এবছর সেদেশে আন্দোলনের জেরে সিনেমার কর্মশালাগুলিতে পড়শি দেশের পড়ুয়াদের উপস্থিতি লক্ষ করা যায়নি।

## স্মারকলিপি

**বাগডোগরা, ১ অক্টোবর :** উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ব্যবস্থা সম্পূর্ণভাবে পঙ্গু হয়ে গিয়েছে বলে অভিযোগ তুলল রাইট টু এডুকেশন নামক একটি সংগঠন। একাধিক দাবি জানিয়ে মঙ্গলবার সংগঠনটির তরফে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে স্মারকলিপি দেওয়া হয়েছে। উপাচার্য, রেজিস্ট্রার, ফিন্যান্স অফিসার, সিকিউরিটি অফিসার সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে স্থায়ী নিয়োগের দাবি জানানো হয়েছে।

## পরিদর্শন

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** মহালয়ার দিন তর্পণকে কেন্দ্র করে যাতে কোনও অপ্রীতিকর ঘটনা না ঘটে, তারজন্য মহানন্দার ঘাটে নামার ক্ষেত্রে নির্দিষ্ট সীমা বেঁধে দিল জেলা প্রশাসন। মঙ্গলবার প্রশাসনের তরফে নদীতে নির্দিষ্ট নামার অংশে সীমানা করে দেওয়া হয়। তাছাড়া, শিলিগুড়ির পুলিশ কমিশনার সি সুধাকর ঘাটগুলি পরিদর্শন করেন। ডিসিপি (ওয়েস্ট) বিশ্বচাঁদ ঠাকুর বলেন, 'ঘাটগুলিতে পুলিশের নজরদারি থাকবে, এছাড়াও লাইফবোট রাখা হবে।'

# বাজারে অভিযান

**নকশালবাড়ি, ১ অক্টোবর :** নকশালবাড়ি বাজারের অধিকাংশ দোকানে নেই অগ্নিনির্বাপণ ব্যবস্থা। মঙ্গলবার নকশালবাড়ি পুলিশ, দমকলের আধিকারিক, গ্রাম পঞ্চায়েত এবং ব্যবসায়ী সমিতির যৌথ উদ্যোগে অভিযান চলে বাজারজুড়ে। সেখানেই ধরা পড়ল এই করুণ ছবি। গতবছর পুজোর সপ্তাহখানেক আগে বাজারে ভয়াবহ অগ্নিকাণ্ডে প্রায় ৪০টি দোকান ভস্মীভূত হয়েছিল। তারপরেও শিক্ষা হয়নি অধিকাংশ ব্যবসায়ীর। এদিনের অভিযানে দোকানদারদের সতর্ক করা হয়। প্রতিটি দোকানে অগ্নিনির্বাপক যন্ত্র থাকা বাধ্যতামূলক করা হয়েছে। দ্বিতীয় অভিযানে প্রশাসনের তরফে কড়া পদক্ষেপ করা হবে বলে এদিন বাজারে মাইকিং করা হয়েছে। অভিযানে ছিলেন নকশালবাড়ি গ্রাম পঞ্চায়েত প্রধান জয়ন্তী কিরো, উপপ্রধান বিশ্বজিৎ ঘোষ।

# ক্ষোভ কার্তিকের

**ইসলামপুর, ১ অক্টোবর :** বেহাল জাতীয় সড়ক নিয়ে ক্ষোভ প্রকাশ করলেন রায়গঞ্জের সাংসদ কার্তিক পাল। কেন্দ্রীয় সড়ক পরিবহণমন্ত্রী নীতিন গড়করিকে তিনি চিঠি লিখে এই বিষয়টি দু'দিনের মধ্যে জানাবেন। কার্তিক বলেন, 'সড়ক নিয়ে আমার কাছে প্রচুর অভিযোগ জমা পড়েছে। মানুষের জীবন নিয়ে ছেলেখেলা বরদাস্ত করব না।' তাঁর অভিযোগ, সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে এজেন্সি কাজ শুরু করবে বলে জানিয়েছিল কর্তৃপক্ষ। কিন্তু কাজ হয়নি। তাঁর কথায়, 'সড়ক কর্তৃপক্ষের কর্তাদের স্পষ্ট বলেছি, দ্রুত কাজ শুরু না হলে মন্ত্রীর কাছে চিঠি লিখে বিস্তারিত জানাব।' ঘোষপুকুর থেকে ডালখোলার পূর্ণিয়া মোড় পর্যন্ত প্রায় ১২০ কিমি সড়কের শোচনীয় অবস্থা। মঙ্গলবার এই প্রসঙ্গে জাতীয় সড়ক কর্তৃপক্ষের কলকাতার রিজিওনাল হেড এইচএম নকভি জানিয়েছেন, আগামী পাঁচদিনের মধ্যে সড়কের কাজ শুরু হয়ে যাবে।






* আজকের সম্ভাব্য সর্বোচ্চ তাপমাত্রা
শিলিগুড়ি ৩২°
বাগডোগরা ৩২°
ইসলামপুর ৩২°

# অসম্পূর্ণ মণ্ডপে ভার্চুয়াল উদ্বোধন

**ভাস্কর বাগচী**

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** সকাল পর্যন্ত তেমন আঁচ মেলেনি। দুপুরে থানা থেকে ফোন পেয়ে যেন মাথায় হাত পড়ল শিলিগুড়ির কয়েকটি পুজো কমিটির কর্তাদের। দেবীপক্ষের শুরুতে বুধবার ভার্চুয়ালি সারা রাজ্যের মতোই শিলিগুড়ি শহরের বেশ কিছু পুজোর উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিকে, যে পুজোগুলিকে প্রশাসনের তরফে বেছে নেওয়া হয়েছে, তার একটিরও মণ্ডপের কাজ শেষ হয়নি মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত। অধিকাংশের বাঁশের কাঠামো ঢাকা পড়েনি কাপড়ে। তবে স্বয়ং মুখ্যমন্ত্রী উদ্বোধন করবেন বলে কথা, তাই তৎপরতা বেড়েছে একধাক্কায়। মণ্ডপে মণ্ডপে কাজ চলছে রমরমিয়ে। রাত পোহালেই ঢাকের বাদ্যি বাজিয়ে হয়ে যাবে উদ্বোধন।



বুধবার ভার্চুয়ালি উদ্বোধন। মঙ্গলবার সুব্রত সংঘে তৎপরতা। -শান্তনু ভট্টাচার্য

পুজোর বাকি মাত্র সপ্তাহখানেক। তাই মণ্ডপ তৈরি করতে নাওয়াখাওয়া ভুলে কাজে লেগে পড়েছেন শিল্পীরা। মাঝে দু'দিনের বৃষ্টি বাদ সেধেছিল কাজে। মেঘলা আবহাওয়ার কারণেও মণ্ডপ তৈরিতে সমস্যা দেখা দেয়। এদিন আচমকা বিকেল নাগাদ দেশবন্ধুপাড়ার সুব্রত সংঘের সম্পাদককে টেলিফোন করে পুলিশ জানায়, বুধবার তাঁদের পুজোর মণ্ডপ উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী। তারপরেই রীতিমতো দৌড়ঝাঁপ শুরু করে দেন সুব্রত সংঘের কর্তারা। ক্লাবের তরফে ভাস্কর বিশ্বাস বলেন, 'আমাদের আনুষ্ঠানিক উদ্বোধন তৃতীয়ায়। কিন্তু বুধবার ভার্চুয়ালি উদ্বোধন হবে। মণ্ডপে মেদিনীপুর থেকে প্রতিমা চলে এসেছে। মণ্ডপের কাজও শেষ হয়ে যেত, কিন্তু বৃষ্টির জন্য কিছুটা ব্যাহত হয়।'

শিলিগুড়ির দাদাভাই স্পোর্টিং ক্লাব, ভারতনগর সর্বজনীন দুর্গাপুজো কমিটি, প্রধাননগরের নবাঙ্কুর সংঘ, গণেশ ঘোষ পুজো কমিটি, হায়দরপাড়া স্পোর্টিং ক্লাবেরও পুজোর ভার্চুয়ালি উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী। দাদাভাই স্পোর্টিং ক্লাবের সম্পাদক বাবুল পালচৌধুরীর কথায়, 'কী আর করা যাবে? আমরা তো আর কলকাতার ক্লাবগুলির মতো অনেকদিন আগে মণ্ডপ তৈরি শুরু করি না। তাই এখনও শেষ করতে পারিনি। প্রতিমা আসেনি। বুধবার বিকেলে প্রতিমা নিয়ে আসব। কিছু কাজ বাকি থাকলে, মণ্ডপে বসেই তা করবেন মৃৎশিল্পী।'

এদিন সন্ধ্যায় ভারতনগর সর্বজনীন দুর্গোৎসব কমিটির পুজোমণ্ডপে গিয়ে দেখা গেল, চূড়ান্ত ব্যস্ত শিল্পীরা। এখনও প্রতিমা আসেনি। তার মধ্যেও ভার্চুয়ালি এই ক্লাবের পুজোর উদ্বোধন হবে। সম্পাদক দেবাশিস মৈত্রর বক্তব্য, 'সকাল থেকে বেশ কিছু সরকারি অফিস থেকে টেলিফোন করে ভার্চুয়ালি উদ্বোধনের কথা বলা হয়েছে। অথচ আমাদের মণ্ডপ তৈরি হয়নি। বুধবারও প্রতিমা আসবে না। বৃহস্পতিবার আসার সম্ভাবনা রয়েছে। আমরা সরকারি কর্তাদের বলেছিলাম এই কথা। তাঁরা বলেছেন, তাঁদেরও কিছু করার নেই।'

প্রধাননগরের নবাঙ্কুর সংঘের পুজোর এবার ৫০ বছর। থিম 'বাঁধন'। পুজো কমিটির সম্পাদক সুনির্মল চক্রবর্তীর কথায়, 'কী যে হবে, কিছুই বুঝছি না। আমাদের কিচ্ছু হয়নি। প্রচুর কাজ বাকি। প্রতিমাও বুধবার আনতে পারব না। ফাঁকা মণ্ডপেই উদ্বোধন হয়ে যাবে।'

# এক হাজার রানার নিয়ে মহালয়ায় দৌড়


**শিলিগুড়ি, ১ অক্টোবর :** বাঘা যতীন অ্যাথলেটিক ক্লাবের মহালয়ার দৌড় এবার ৪০তম বর্ষে পড়ছে। নজির ভেঙে দৌড়ে এবার অংশগ্রহণকারীর সংখ্যা পৌঁছেছে এক হাজারে। দৌড়ের আহ্বায়ক শিবনাথ গঙ্গোপাধ্যায়, বাঘা যতীনের সহ সভাপতি পেয়ারা সিংয়ের উপস্থিতিতে ঘোষণা করা হয়েছে, ১০ ও ৫ কিলোমিটার পুরুষ এবং মহিলাদের দৌড় মিলিয়ে এক হাজার নাম জমা পড়েছে। এবারই প্রথা ভেঙে দুই সেলেব্রিটি অ্যাথলিট হিমাশ্রী রায় ও সিকিমের ম্যারাথন ম্যান বলে পরিচিত অমর সুব্বা প্রতিযোগীদের সঙ্গে যাত্রাপথের কোনও একটি অংশে দৌড়োনোর কথা জানিয়েছেন।

একইসঙ্গে দৌড়ে টেকনিকাল বিষয়ের দায়িত্বে থাকা প্রশান্ত সাহা জানিয়েছেন, প্রতিযোগীদের সময়ে উন্নতিতে সাহায্য করতে যাত্রাপথের মাঝে টাইমিং ম্যাট রাখা থাকবে। এর মাধ্যমে একইসঙ্গে নজর রাখা হবে প্রতিযোগীরা শর্টকাট নিচ্ছেন কি না।

বুধবার ভোর ৬টায় ক্লাবের সামনে থেকে ১০ ও ৫ কিলোমিটার দৌড় শুরু হয়ে পরবর্তীতে সেখানেই শেষ হবে।



সাংবাদিক সম্মেলনে হিমাশ্রী রায় সহ বাঘা যতীন ক্লাবের কর্তারা।



# জুয়ার ঠেকে ধৃত

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** সোমবার রাতে অভিযান চালিয়ে ৩৮ নম্বর ওয়ার্ডের বিবেকানন্দপল্লির একটি জুয়ার আসর থেকে দুজনকে গ্রেপ্তার করে আশিঘর ফাঁড়ির পুলিশ। পুলিশের তরফে জানানো হয়, গোপন সূত্রে খবরের ভিত্তিতে ওই জায়গায় অভিযান চালানো হয়। দুজনকে গ্রেপ্তারের পাশাপাশি নগদ টাকাও উদ্ধার হয়। যদিও মঙ্গলবার সকালে থানা থেকে ব্যক্তিগত বন্ডে ছাড়া পায় ধৃতরা।

## আজ শহরে

■ উত্তাল নাট্যগোষ্ঠী শিলিগুড়ির আয়োজনে দশম বর্ষ অন্তরঙ্গ নাট্যানুষ্ঠান। বুধবার বেলা সাড়ে ৫টায় তরাই তারাপদ আদর্শ বিদ্যালয় প্রাঙ্গণে। উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জ সহ বিভিন্ন শহরের পাঁচটি নাটক পরিবেশিত হবে।

## ভোগান্তি উত্তরবঙ্গ মেডিকেল কলেজে

# টেকনিসিয়ানের অভাবে সপ্তাহে দু'দিন ইইজি

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** সমস্ত পরিকাঠামো থাকলেও টেকনিসিয়ানের অভাবে সপ্তাহে ছ'দিন ইলেক্ট্রোএনসেফালোগ্রাফি (ইইজি) হচ্ছে না। যার ফলে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসা করাতে আসা রোগীরা সমস্যায় পড়ছেন। হয় এই পরীক্ষা করাতে তাঁরা দিনের পর দিন মেডিকেলে এসে ফিরে যাচ্ছেন, নয়তো বেসরকারি ল্যাবরেটরিতে গিয়ে প্রচুর টাকা খরচ করে পরীক্ষা করাতে বাধ্য হচ্ছেন।

হাসপাতাল সুপার পরিস্থিতির কথা স্বীকার করে নিয়েছেন। তাঁর ব্যাখ্যায়, 'দুজন টেকনিসিয়ান রয়েছেন। তাঁদের একাধিক বিভাগে কাজকর্ম দেখতে হয়। সেজন্য সপ্তাহে দু'দিন করে রোগীদের ইইজি করা হচ্ছে। আরও টেকনিসিয়ান পেলে আমরা সপ্তাহে ছ'দিনই পরিষেবা দিতে পারব।'

উত্তরবঙ্গ মেডিকেলে মনোরোগ বিভাগের অধীনে ইইজি পরীক্ষার ব্যবস্থা রয়েছে। এজন্য সংশ্লিষ্ট বিভাগের পেছনে ওএসটি সেন্টারে পৃথক ইইজি ইউনিট তৈরি করা হয়েছে। মনোরোগের পাশাপাশি নিউরোলজি, পেডিয়াট্রিক, মেডিসিন বিভাগ থেকেও চিকিৎসকরা প্রয়োজন মতো রোগীদের ইইজি করার পরামর্শ দেন।

চিকিৎসকদের সঙ্গে কথা বলে জানা গেল, মূলত মৃগিরোগীদের এই পরীক্ষা বেশি করাতে হয়। তাছাড়া ব্রেন টিউমার, মাথাব্যথা, মাথা ঘোরানো থেকে শুরু করে মস্তিষ্কের বিভিন্ন সমস্যায় চিকিৎসকরা এর পরামর্শ দেন। সব বিভাগ মিলিয়ে রোজ অন্তত ২০-২৫ জনকে ইইজি করতে প্রেসক্রিপশনে লেখা হয়। রোগীরা সেইমতো নির্দিষ্ট ঘরে যান। তবে সপ্তাহে সোম এবং শনিবার সংশ্লিষ্ট ইউনিট খোলা থাকে। ফলে সারা সপ্তাহ অপেক্ষায় থাকা রোগীদের ইইজি দু'দিনে করা সম্ভব হচ্ছে না।






মঙ্গলবার মনোরোগ বিভাগের বাইরে দাঁড়িয়ে লাটাগুড়ির বাসিন্দা সোমরাজ তামাং বললেন, 'মাথাব্যথার সমস্যা নিয়ে চিকিৎসকের কাছে এসেছিলাম। সেখান থেকে ইইজি করতে বলা হয়। এখানে এসে শুনছি, পরীক্ষা আবার শনিবার হবে। তবে শনিবার এলেই আমি পরীক্ষা করাতে পারব কি না, তা বুঝতে পারছি না। কারণ, আগে থেকে অনেক রোগীর লাইন থাকে। এত দূর থেকে কতবার যাতায়াত করা যায় বলুন তো।'

একই সমস্যা নিয়ে পরপর দু'দিন ঘুরছেন খড়িবাড়ির বুড়াগঞ্জের বাসিন্দা প্রেমনাথ সিংহ। তাঁর ১০ বছরের মেয়েকে শিশুরোগ বিভাগ থেকে ইইজি করাতে বলা হয়েছে। দিনমজুর প্রেমনাথের অভিজ্ঞতা, '২০-২২ দিন ধরে ইইজি করানোর জন্য ঘুরছি। যে দিনগুলিতে পরীক্ষা হয়, এতটাই ভিড় থাকে যে আমি পরীক্ষা করাতে পারছি না।' এরপর বললেন, 'বেসরকারি ল্যাবে খোঁজ নিয়েছিলাম। সেখানে ইইজি করাতে ২০০০ টাকা চাইছে। আমি দিনমজুরি করে সংসার চালাই। কীভাবে এত টাকা জোগাড় করব?'

এব্যাপারে মনোরোগ বিভাগের প্রধান ডাঃ নির্মল বেরা বলছেন, 'মস্তিষ্কের যে কোনও সমস্যায় চিকিৎসা করাতে ইইজি অত্যন্ত গুরুত্বপূর্ণ পরীক্ষা। প্রায় প্রতিদিন আমাদের বিভাগে এমন অনেক রোগী আসেন, যাঁদের ইইজি করানোর পরামর্শ দেওয়া হয়। আমাদের বিভাগের অধীনে মেশিনও রয়েছে। তবে টেকনিসিয়ানের অভাবে সপ্তাহে দু'দিন পরিষেবা দেওয়া হচ্ছে।' তিনি জানালেন, বাকি দিনগুলিতে ওই টেকনিসিয়ানরা ফিজিওলজি, ফিজিক্যাল মেডিসিন সহ অন্য বিভাগে কাজ করেন।

# নির্ভেজাল আড্ডায় উৎসবের আমেজ

**সারা বছরে উৎসবের সময় এই একবার দেখা হয় বহু পরিচিতর সঙ্গে। সুভাষপল্লির মণ্ডপে মণ্ডপে জমে ওঠে গল্পের আসর। প্রতিবছর বিগবাজেটের পাশাপাশি কম বাজেটের পুজোও মন জয় করে নেয় শহরবাসীর। লিখলেন পারমিতা রায়**

**শিলিগুড়ি, ১ অক্টোবর :** উৎসবের দিনগুলোতে মানুষের বাঁধভাঙা উচ্ছ্বাস এই পাড়ার পরিচিতি। একদিকে সংঘশ্রী, অন্যদিকে সুভাষ স্পোর্টিং ক্লাব। পুজোর দিনগুলোতে ভিড় টানতে যেন অঘোষিত প্রতিযোগিতা চলে দুইয়ের মধ্যে। বিগবাজেটের পাশাপাশি শহরবাসীর নজর কাড়ে কম বাজেটের পুজোটিও। প্রতিমা থেকে মণ্ডপ, আলোকসজ্জা সহ সামগ্রিক ব্যবস্থায় প্রতিবার মন জয় করে নেয় শিলিগুড়ির সুভাষপল্লি।

খুব বড় আয়োজন না হলেও সুভাষপল্লি যুবক সংঘের পুজো দেখতে দাঁড়ান রাস্তা দিয়ে যাতায়াতকারী প্রতিটা মানুষ। থিম ভাবনায় সবসময়ই আলাদা ছোঁয়া দেওয়ার চেষ্টা করেন উদ্যোক্তারা। এবার তাদের ৭০তম বর্ষ। সকাল থেকে পুজোর আয়োজনে ব্যস্ততা শুরু হয়ে যায়। তারপর দিনভর নেতাজি মোড়ের একটি নির্দিষ্ট জায়গায় বসে বন্ধুদের সঙ্গে আড্ডা চলে। সারা বছরে একবার এইসময় দেখা হয় অনেকের সঙ্গে। সেসব নিয়ে স্মৃতিচারণ করছিলেন স্থানীয় সৌরভ দাস। তাঁর কথায়, 'এই পুজো আমাদের কাছে আবেগের। আড্ডা, পুরোনো দিনের গল্প আর মায়ের আরাধনার মধ্য দিয়ে দিন কাটে। ছোট করেই আমাদের পুজো হয়। তবে নতুন কিছু করার চেষ্টা থাকে।'



সংঘশ্রীর পুজোমণ্ডপে কাজ চলছে জোরকদমে। মঙ্গলবার। -তপন দাস

সুভাষপল্লি স্পোর্টিং ক্লাবের পুজো যেন দুইয়ের মিশেল। থিমের চমকের সঙ্গে বাড়ির পুজোর অনুভূতি মেলে এখানে। প্রতিবার মন্দিরে হয় মূল পুজো। পাশাপাশি মণ্ডপ তৈরি হয় থিম ভাবনায়। তবে এবছর মন্দিরটি সংস্কার হচ্ছে। স্থানীয় মহিলারা আয়োজনের দায়িত্ব সামলান দক্ষ হাতে। প্রসাদ বিতরণ, মণ্ডপের আশপাশে কচিকাঁচাদের দৌঁড়ঝাপ, বড়দের আড্ডা, সন্ধ্যায় ধুনুচি নাচ, মোমবাতি জ্বালানো প্রতিযোগিতা, গান-নাচ-আবৃত্তি ইত্যাদি এক আলাদা পরিবেশ তৈরি করে। আনন্দ-উচ্ছ্বাসে পুজো কাটে অনুরূপা, সায়নী, চিরঞ্জিত, প্রশান্তদের। চিরঞ্জিত ঘোষের কথায়, 'এবছরের আমাদের থিম 'পুরোনো দিনের হারানো কথা'। এই পুজোর অন্যতম আকর্ষণ, আন্তরিকতা। মহিলারা হাতে হাত মিলিয়ে পুজোর আয়োজন করেন।'

শহরের বিগবাজেটের পুজোগুলোর মধ্যে একটি, সংঘশ্রী। এবার তাদের থিম 'থাকব না কো বদ্ধ ঘরে।' বহুদিন আগে থেকে শুরু হয়ে যায় প্রস্তুতি। ক্লাব চত্বরে তৈরি হয় মণ্ডপ। দর্শনার্থীদের প্রশংসা কুড়িয়ে নেওয়ার পাশাপাশি জিতে নেয় পুরস্কার। রাত জেগে চলে দেদার আড্ডা। উদ্যোক্তাদের মধ্যে শৈবাল দত্তর কথায়, 'যেহেতু আমাদের জায়গা ছোট, তাই বড় আকারে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন সম্ভব হয় না। তবে আড্ডা, গল্প সবটাই জমজমাটি হয়।'

সুভাষপল্লিতেই বাড়ি রঞ্জন দত্তর। তবে কর্মসূত্রে কলকাতায় থাকেন। প্রতিবছর পুজোর ছুটিতে কিন্তু ফিরে আসেন নিজের শহরে। বলছিলেন, 'কলকাতার পুজোর আলাদা চমক তো রয়েছেই। তবে হোমটাউনে থাকার মজা আলাদা। প্রতিবার সপ্তমীর মধ্যে অন্য পুজো দেখে বাকি দিনগুলো পাড়ার মণ্ডপে কাটাই।' সুভাষপল্লির কোনও পুজোতে যেমন থাকে মন্দিরের পুজোর গন্ধ আবার কোথাও থাকে বারোয়ারি পুজোর আনন্দ।

## আমার পাড়া আমার পুজো

### প্রাণভরা উচ্ছ্বাসে

■ বাজেট খুব বেশি না হলেও দর্শনার্থীদের কাছে বরাবরের আকর্ষণ সুভাষপল্লি যুবক সংঘের পুজো

■ নেতাজি মোড়ের একটি নির্দিষ্ট জায়গায় বসে বন্ধুদের সঙ্গে আড্ডা চলে দিনভর

■ সুভাষপল্লি স্পোর্টিং ক্লাবে থিমের চমকের সঙ্গে বাড়ির পুজোর অনুভূতি মেলে

■ স্থানীয় মহিলারা পুজোর দিনগুলোতে আয়োজনের দায়িত্ব সামলান দক্ষ হাতে

■ সংঘশ্রী-তে রাতভর জমজমাট গল্পের আসর, কর্মসূত্রে বাইরে থাকা মানুষ ঘরে ফেরেন পুজোর টানে

# পুজোর থিমে রাম মন্দির

**ইসলামপুর, ১ অক্টোবর :** ইসলামপুর দেশবন্ধুপাড়া আদর্শ সংঘের এবছরের পুজোর থিম অযোধ্যার রাম মন্দির। পুজো এবার ৬০তম বর্ষে পদার্পণ করতে চলেছে। উদ্যোক্তারা জানিয়েছেন, এবছরের পুজোয় ৫০ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। এখন থেকেই মণ্ডপসজ্জার কাজ দেখতে ভিড় জমাচ্ছেন মানুষ।

গত কয়েক বছর ধরে আদর্শ সংঘের পুজো উত্তরবঙ্গজুড়ে সুনাম কুড়িয়েছে। পুজো কমিটির সম্পাদক রাজ সাহানি বলছেন, 'দর্শনার্থীদের আকর্ষণীয় পুজো উপহার দিতে এবছরও চেষ্টার কোনও ত্রুটি রাখছি না।' নদিয়ার এক শিল্পী মণ্ডপসজ্জার কাজ করছেন। বাঁশ, কাঠের বাটাম, প্লাইবোর্ড, ফাইবার এবং ফোম জাতীয় সামগ্রী ব্যবহার করে রাম মন্দিরের আদলে মণ্ডপ সাজিয়ে তোলা হচ্ছে। প্রায় ১৫০ ফুট লম্বা ও ৯০ ফুট চওড়া মণ্ডপ তৈরি করা হচ্ছে। মণ্ডপে কারুকার্য করা মোট ১০০টি পিলার থাকছে। উদ্যোক্তারা জানিয়েছেন, শুধু মণ্ডপসজ্জাই নয়, প্রতিমা ও আলোকসজ্জাতেও বিশেষ আর্কষণ থাকছে। আদর্শ সংঘের পুজোমণ্ডপে সাধারণ মানুষের উপচে পড়া ভিড় সামাল দিতে প্রতিবছরই হিমসিম খেতে হয় পুলিশ-প্রশাসনকে। যদিও ক্লাবের শতাধিক ভলান্টিয়ার ভিড় সামাল দেওয়ার দায়িত্বে থাকেন।































